

নিরীক্ষার পরিধি

এই রিপোর্টে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ১০টি ইউনিটের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত ৩৪টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়-ক্ষতি সম্পর্কিত খসড়া অনুচ্ছেদ হিসাবে অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই ৩২ টি অনুচ্ছেদের মধ্যে ১২টি অনুচ্ছেদকে একীভূত করিয়া ৪টি যৌথ খসড়া অনুচ্ছেদ এবং অবশিষ্ট ২০টি অনুচ্ছেদকে স্বতন্ত্র খসড়া অনুচ্ছেদ হিসাবে অর্থাৎ সর্বমোট ২৪টি খসড়া অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হইয়াছে। এই রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটিপূর্ণ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে, তাহা উত্থাপিত সময়ের (অথবা তাহার পূর্ববর্তী সময়ের) সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে, উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্যগুলি উদাহরণ মূলক এবং তাহা কোনমতেই বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আর্থিক শৃংখলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।

প্রসংগক্রমে উল্লেখ্য যে, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ১৯৯৭-৯৮ আর্থিক বৎসরে ১৭টি, ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে ৮টি, ১৯৯৮-২০০০ আর্থিক বৎসরে ৬টি ও ১৯৯৯-২০০০ আর্থিক বৎসরে ৮টি ইউনিট নিরীক্ষা করা হইয়াছে।